

**৩৪ বিশিষ্ট নাগরিকের বিবৃতি**  
**'শিক্ষাবহির্ভূত কর্মকাণ্ডে**  
**শিক্ষার্থীদের ব্যবহার বন্ধ করুন'**

■ সমকাল প্রতিবেদক  
 কোমলমতি শিক্ষার্থীদের সংবর্ধনার নামে রাজ্য না দাঁড় করানো এবং শিক্ষাবহির্ভূত কর্মকাণ্ডে শিক্ষার্থীদের ব্যবহার বন্ধ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বিশিষ্টজন্য সোমবার ৩৪ জন বিশিষ্ট নাগরিক এক যুক্ত বিবৃতিতে এ আহ্বান জানান।

বিবৃতিতে তারা বলেন, সম্প্রতি দৃশ্য করা যাচ্ছে যে, কিছু কিছু মন্ত্রী ও সাংসদের নিজ নিজ এলাকায় তাদের সংবর্ধনা অনুষ্ঠানের জন্য ওইসব এলাকার বিদ্যালয়ের পাঠদান বন্ধ রেখে শিক্ষার্থীদের ঘন্টার পর ঘন্টা দাঁড় করিয়ে রাখা হচ্ছে। দেশের বিভিন্ন স্থানে এ ধরনের ঘটনা ঘটেই চলেছে। এ ধরনের কর্মকাণ্ড শুধু শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেপনা অমান্য করার মানসিকতাই পরিচায়ক নয়, অমানবিকও বটে। আমরা মনে করি, এটি ঔপনিবেশিক সংস্কৃতির ধারা বহন করে এবং এতে মুগ্ধিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

বিবৃতিতে স্বাক্ষর করেন-  
 অধ্যাপক. আনিসুজ্জামান, ড. জামিলুর রেজা চৌধুরী, ফারুক আহমেদ চৌধুরী, অধ্যাপক নজরুল ইসলাম, ড. কাজী খনীকুজ্জামান আহমদ, অধ্যাপক এ কে এম নূর-উন নবী, সেদিনা হোসেন, ড. মুহম্মদ জাফর ইকবাল, ড. ইফতেখারুজ্জামান, মৈয়দ আবুল মকসুদ, খোন্দকার ইব্রাহিম খালেদ, অধ্যাপক মৈয়দ মনজুরুল ইসলাম, রাশেদা কে. চৌধুরী, খালেদ মাসুদ পাইলট, রিজওয়ানা হাসান, ইলিয়াস কাকন প্রমুখ।